# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নবীগণ, নেককার লোক ও শহীদদের নিকট কি সুপারিশ চাওয়া যাবে, কারণ, কিয়ামতের দিন তারা সুপারিশ করবেন?

উত্তর: বল, সুপারিশ আল্লাহর মালিকানাধীন। যেমন আল্লাহ তা‘আলা বলেন, [قُل لِّلَّهِ ٱلشَّفَٰعَةُ جَمِيعٗاۖ] [الزمر: ٤٣] “বল, সকল সুপারিশ আল্লাহর জন্যে”। [সূরা আয-যুমার, আয়াত: ৪৪] অতএব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুকরণে আমরা সুপারিশের মালিক ও অনুমতি দাতা আল্লাহর নিকট সুপারিশ প্রার্থনা করব, যিনি বলেছেন, “যখন তুমি চাইবে আল্লাহর নিকট চাইবে”। হাদীসটি তিরমিযী বর্ণনা করেছেন। অতএব আমরা বলব, হে আল্লাহ! আমাদেরকে তাদের অন্তর্ভুক্ত করো, যাদের জন্য তোমার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিয়ামতের সুপারিশ করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9992

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন